গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ শাখা
www.lgd.gov.bd

তারিখ: ৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১৪৫.২৪.৮৫০

**বিষয়: রিট পিটিশন নং ৫০৩৩/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৫০৩৩/২০২৪-এর ১৩/০৫/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন চ্যালেঞ্জ করে পিটিশনার মোঃ সাইফুল ইসলাম রিট পিটিশন নং ৫০৩৩/২০২৪ দায়ের করেন। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-কে ১নং, সচিব, স্থানীয় সরকার বিভাগ-কে ২নং এবং উপসচিব, পৌর-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ-কে ৬নং প্রতিপক্ষসহ মোট ০৮ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৫০৩৩/২০২৪-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.............পাতা।



২৩-০৯-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব
০২৫৫১০০৯৯৫
lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব), সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।

তারিখ: ৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৬.০০.০০০০.০২০.০৪.১৪৫.২৪.৮৫০/১(৫)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়;
২। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ;
৩। উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ;
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ এবং
৫। ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।

২৩-০৯-২০২৪
মোহাম্মদ নাহিদ ইসলাম
উপসচিব